

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, অক্টোবর ১, ১৯৮৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

জাতীয় রাজস্ব বোর্ড

(আবগারী)

প্রজ্ঞাপন

ঢাকা, ১০ই অগস্ট, ১৩৯৬/২৫শে সেপ্টেম্বর, ১৯৮৯

নং এস. আর. ও ৩৯৯-আইন/৮৯/২২৩-আবগারী—Excises and Salt Act, 1944 (I of 1944) এর section 37 এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, Excises and Salt Rules, 1944 এ নিম্নরূপ অধিবর্ত্তর সংশোধন করিলেন; যথা:—

উপর-উক্ত Rules এর rule 96WY এর পরিবর্ত্তে নিম্নরূপ rule 96WY প্রতিস্থাপিত হইবে; যথা:—

“96WY ব্যাংক প্রদত্ত সার্ভিস এর উপর আরোপিত আবগারী শুল্ক আদায়ের বিশেষ পদ্ধতিঃ

(১) এই rule ব্যাংক প্রদত্ত সার্ভিসের ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

(২) এই বিধিসমূহের অন্যত্র যাহা কিছুই থাকুক না কেন ব্যাংক কর্তৃক প্রদত্ত সার্ভিসের উপর আবগারী শুল্ক এই rule এ লিপিবদ্ধ পদ্ধতিতে আদায় ও পরিশোধযোগ্য হইবে।

(৩) বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই rule এ,—

(ক) ‘আবগারী শুল্ক’ অর্থ Act এর section 3 এর অধীন প্রদেয় শুল্ক;

(খ) ‘ব্যাংক প্রদত্ত সার্ভিস’ অর্থ Act এর FIRST SCHEDULE এর PART-II এর আইটেম নম্বর 13'05 এ বর্ণিত Services rendered by bank;

(৮১৫৩)

মূল্যঃ ০০ পয়সা

- (গ) 'ডিপোজিট এ্যাকাউন্টস' অর্থ গ্রাহক কর্তৃক ব্যাংকে রক্ষিত সকল প্রকার ডিপোজিট হিসাব যথা, চলতি, সঞ্চয়ী, মেয়াদী (ফিক্সড) ডিপোজিট বা অন্য যে নামেই অভিহিত হোক না কেন সকল প্রকার জমার (ডিপোজিট) হিসাব;
- (ঘ) 'ব্যবস্থাপনা কর্তৃপক্ষ' অর্থ ব্যাংকের সাবিক কার্যক্রম পরিচালনার দায়িত্বে নিয়োজিত ব্যবস্থাপনা পরিচালক, মহা ব্যবস্থাপক কিংবা অন্য কোন পদ নামে পরিচিত ব্যক্তি;
- (ঙ) "স্বাধীন কর্তৃপক্ষ" অর্থ Deputy Collector of Excise বা Assistant Collector of Excise যাহার স্থানীয় এখতিয়ারাধীনে ব্যাংকের প্রধান কার্যালয় অবস্থিত।

(৪) প্রত্যেক ব্যবস্থাপনা কর্তৃপক্ষকে ৫০ টাকা লাইসেন্স ফি ও ফরম (B-9) এ বণ্ড সম্পাদনসহ ১ হাজার টাকা জামানত রাখিয়া বিভাগীয় আবগারী কর্মকর্তার নিকট হইতে আবগারী লাইসেন্স L-7 গ্রহণ করিতে হইবে। তবে শর্ত থাকে যে, ব্যাংক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ তাহাদের প্রধান কার্যালয়ের নামে আবগারী লাইসেন্সের জন্য আবেদন করিবেন, উহার অধীন শাখা ব্যাংকসমূহের জন্য পৃথকভাবে লাইসেন্স গ্রহণের প্রয়োজন হইবে না।

(৫) প্রতি পঞ্জিকা বৎসরের ৩১শে ডিসেম্বর পর্যন্ত ব্যাংকের প্রত্যেকটি শাখা তাহাদের সাথে পরিচালিত ডিপোজিট এ্যাকাউন্টস এর সংখ্যা এবং নির্ধারিত আবগারী শুল্ক হারের ভিত্তিতে উহাদের উপর প্রদেয় মোট আবগারী শুল্কের পরিমাণ সম্বলিত একটি বিবরণী পরবর্তী পঞ্জিকা বৎসরের ৩১শে জানুয়ারীর মধ্যে উহার প্রধান কার্যালয়ে প্রেরণ করিবেন। সকল শাখা ব্যাংক হইতে প্রাপ্ত এই বিবরণীর ভিত্তিতে প্রধান কার্যালয় মোট ডিপোজিট এ্যাকাউন্টস এর সংখ্যা এবং প্রদেয় মোট আবগারী শুল্কের পরিমাণ নিরূপণ করিবেন। প্রধান কার্যালয়কে ২৮শে ফেব্রুয়ারীর মধ্যে প্রদেয় আবগারী শুল্ক "১৪-আবগারী শুল্ক-ব্যাংক প্রদত্ত সার্ভিস" এই খাতে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে জমা করিতে হইবে এবং ৭ই মার্চ তারিখের মধ্যে স্বাধীন কর্মকর্তার নিকট এই rule এ বণিত ফরমে ট্রেজারী চালানের অনুলিপি সহ একটি বাস্তবিক রিটার্ন দাখিল করিতে হইবে। এই রিটার্নের অনুলিপি একই সময়ে জাতীয় রাজস্ব বোর্ডের প্রথম সচিব (আবগারী-১) এর নিকট প্রেরণ করিতে হইবে। দাখিলকৃত রিটার্নের সত্যিকতা পরীক্ষা করিয়া স্বাধীন কর্তৃপক্ষ আবগারী শুল্ক স্বাধীনভাবে বরিশোধিত হইয়াছে মর্মে নিশ্চিত হইবেন।

(৬) উপ-বিধি (৫) এর অধীন দাখিলকৃত কোন রিটার্ন স্বাধীন কর্মকর্তার নিকট সন্তোষজনক বলিয়া বিবেচিত না হইলে তিনি এই বিষয়ে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করিয়া উক্ত তথ্যের ভিত্তিতে পরিশোধযোগ্য আবগারী শুল্কের পরিমাণ নির্ধারণ করিবেন এবং উক্ত নিরূপিত শুল্ক ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক প্রদেয় হইবে।

- (৭) ব্যাংক কতৃপক্ষ যথাযথ কর্মকর্তা কিংবা তৎকর্তৃক মনোনীত যে কোন কর্মকর্তাকে যুক্তিসূক্ত সময়ে উহার অফিসে প্রবেশ করিতে এবং উহার অফিসে রক্ষিত ডিপোজিট গ্র্যান্ডউল্টস ও আবগারী শুল্ক সম্পর্কিত রেকর্ড পত্র, রেজিষ্টার ও হিসাব বহিসমূহ ইত্যাদি পরীক্ষা নিরীক্ষা ও তদন্তের জন্য সরবরাহ করিতে বাধ্য থাকিবেন।
- (৮) Excises and Salt Rules, 1944 এর rules 9, 52, 52A, 224 এবং 229 এই ক্ষেত্রে প্রযোজ্য হইবে না।
- (৯) কোন ব্যাংক কতৃপক্ষ Act অনুযায়ী প্রদত্ত আবগারী শুল্ক বিধি ৫ অনুযায়ী সরকারী ট্রেজারী বা সাব-ট্রেজারীতে জমা দিতে ব্যর্থ হইলে বা এই বিধিমালার কোন বিধান লঙ্ঘন করিলে তাহার বিরুদ্ধে প্রযোজ্য বিধানাবলী অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ ছাড়াও অনধিক ১০ হাজার টাকা বা তাহার উপর নির্ধারিত আবগারী শুল্কের ১০ গুণ পরিমাণ বাহ্যিক বেশী হউক, জরিমানা আরোপ করা হইবে।

ছক
(বিধি ৫ দৃষ্টব্য)
বাংক প্রস্তুত সাজিস সম্পর্কিত বার্ষিক রিটার্ন

বাংকের নাম :
স্থানা :

স্থিত , ১৯৫

বাংকের শাখার সংখ্যা	ডি.প্যাজিট একাউন্টের সংখ্যা	আবগারী শুল্কের হার	পরিশোধযোগ্য আবগারী শুল্কের পরিমাণ	পরিশোধিত আবগারী শুল্ক, ট্রেজারী চাহানের নম্বর ও তারিখ	মুদ্রা				
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০
চরিত্র হিসাব	সঞ্চয়ী হিসাব	মেয়াদী (ফিক্সড) হিসাব	অন্যান্য ডি.প্যাজিট হিসাব	মোট	(২+৩+৪+৫)				

আমি এই সর্ম বোধবা করিতেছি যে, আমার বাংলাকে সংরক্ষিত রেজিস্টার/রেকর্ড এর ভিত্তিতে আমি এই রিটার্ন তৈয়ার করিয়া পেশ করিলাম। এই রিটার্ন সম্পূর্ণ ও নিতুল।

বাংকের উপযুক্ত কর্মকর্তার স্বাক্ষর ও সীল।

আবুল কাসেম
প্রথম সচিব (আবগারী)।

যে নিশ্চিত হয়, তেদুটি কয়েটার, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক হস্তান্তরিত।
যেহেতু বাংলাদেশ কর্তৃক তেদুটি কয়েটার, বাংলাদেশ সরকার ও প্রকল্পনী অফিস, তেহাতি, গুলি কর্তৃক প্রকাশিত।